

২০২১-২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে প্রাথমিক ভর্তি বিজ্ঞপ্তি (Sixth Phase)

২০২১-২০২২ শিক্ষাবর্ষের GST গুচ্ছভুক্ত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক ভর্তি প্রক্রিয়ার ষষ্ঠ পর্যায়ের কার্যক্রম আগামী ২০/১২/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ২১/১২/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে GST ওয়েবসাইটে (<https://gstadmission.ac.bd/>)-এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।

প্রত্যেক আবেদনকারী তার মেধাস্কোর ও বিভাগ পছন্দক্রম অনুযায়ী আবেদনকৃত প্রতিটি বিশ্ববিদ্যালয়ের প্রস্তুতকৃত মেধাক্রম অনুসারে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে একটি নির্দিষ্ট বিভাগে প্রাথমিক ভর্তির জন্য মনোনীত হবে (বিস্তারিত স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত)। এই পর্যায়ে যে সকল আবেদনকারী প্রথমবার প্রাথমিক ভর্তির জন্য নির্বাচিত হয়েছে শুধুমাত্র তাদের ভর্তির ক্ষেত্রে নিম্নের সময়সূচী অবশ্যই মানতে হবে (১ ও ২):

- ১। অনলাইনে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন ও প্রাথমিক ভর্তি ফি ৫০০০.০০(পাঁচ হাজার) টাকা প্রদান: ২০/১২/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২১/১২/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে সম্পন্ন করতে হবে।
- ২। মূল কাগজপত্র জমা: ২০/১২/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে সন্ধ্যা ৬:০০ টা এবং ২১/১২/২০২২ ও ২২/১২/২০২২ তারিখ সকাল ০৯:০০ টা হতে সন্ধ্যা ৬:০০ টার মধ্যে এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র আবেদনকারী যে বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি হচ্ছেন সেই বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে, **অন্যথায় প্রাথমিক ভর্তি বাতিল হয়ে যাবে।** মূল নম্বরপত্র দুটি আবেদনকারীর নাম ও GST রোল নম্বর লিখা একটি A4 সাইজের খামে করে জমা দিতে হবে।

ইতোমধ্যে প্রাথমিক ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্যঃ

- আবেদনকারী একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি থাকা অবস্থায় অন্য এক বা একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য মনোনীত হলে তার পছন্দমত অন্য বিশ্ববিদ্যালয়ে মাইগ্রেশন (University Migration) ২১/১২/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে অনলাইনে সম্পন্ন করতে পারবে। সেক্ষেত্রে পূর্বের বিশ্ববিদ্যালয়ে আর ভর্তির জন্য বিবেচিত হবে না।
- বিশ্ববিদ্যালয়ে মাইগ্রেশন সম্পন্ন করলেও মূল কাগজপত্র যে বিশ্ববিদ্যালয়ে জমা আছে সেখানেই থাকবে।
- GST-ভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে প্রাথমিক ভর্তি সম্পন্ন করে থাকলে পুনরায় ভর্তি হতে হবে না।

Seventh Phase হতে নিম্নে উল্লেখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া চলবেঃ

- আবেদনকারী GST গুচ্ছভুক্ত এক বা একাধিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হলে তাকে অবশ্যই তার পছন্দমত একটি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। অন্যথায় GST গুচ্ছভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবে না।
- এই পর্যায় থেকে প্রাথমিক ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোনো বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না (বিশ্ববিদ্যালয় মাইগ্রেশন সম্পূর্ণরূপে বন্ধ)।
- ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে তার বিভাগ পছন্দক্রম ও মেধা স্কোরের ভিত্তিতে প্রযোজ্যক্ষেত্রে বিভাগ মাইগ্রেশন চলমান থাকবে।

ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অনলাইনে প্রাথমিক ভর্তি সম্পন্ন করার প্রয়োজনীয় বিবরণ যথাক্রমে GST Admission System ও GST Admission Guideline -এ প্রদত্ত।